

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
(রাজস্ব শাখা)
পোস্ট কোড -৩৬০০
www.chandpur.gov.bd

স্মারক নং : ০৫.৪২.১৩০০.০১৫.১৮.০০২.২৪- ১১২১

তারিখ: ১৮/০৮/২০২৪ খ্রি.

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫ মার্চ ২০২৪ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব একি মিত্র চাকমা কর্তৃক বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনাকালে ০১টি বালিবাহী/বাল্কহেড (এমবি এম এস ফিরোজা; রেজি: নং- এম-০১-৪৬০১) ও ০১টি লোড ড্রেজার (এমবি নুর সামিহা; রেজি: নং- এম-০১-৩৫৬১) জন্ম করা হয়। উক্ত জন্মকৃত নৌযান/আইটেম যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় নিম্নবর্ণিত তারিখ, স্থান ও সময়ে জেলা প্রশাসক, চাঁদপুর এর গঠিত নিলাম কমিটির উপস্থিতিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে।

জন্মকৃত নৌযান/আইটেমের বিবরণ

ক্র. নং	নৌযানের নাম ও রেজিস্ট্রেশন নম্বর	পরিমাপ	ধরণ	প্রাক্কলিত মূল্য	১০% হারে জামানতের পরিমাণ	যেখানে রক্ষিত
০১.	এমবি এম এস ফিরোজা (এম-০১-৪৬০১)	দৈর্ঘ্য: ৩৬.৬৪ মিঃ প্রস্থ: ০৮.৪৩ মিঃ গভীরতা: ০২.৪০মিঃ	বালিবাহী	৯০,০০,০০০/- (নব্বই লক্ষ টাকা)	৯,০০,০০০/- (নয় লক্ষ টাকা)	মোহনপুর নৌ-পুলিশ ফাঁড়ি, মতলব উত্তর, চাঁদপুর।
০২.	এমবি নুর সামিহা (এম-০১-৩৫৬১)	দৈর্ঘ্য: ২৯.০৫ মিঃ প্রস্থ: ০৪.৫৭ মিঃ গভীরতা: ০.৯১ মিঃ	লোড ড্রেজার	৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ টাকা)	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা)	মোহনপুর নৌ-পুলিশ ফাঁড়ি, মতলব উত্তর, চাঁদপুর।

নিলাম ডাকের স্থান ও সময়সূচি

নিলামের স্থান	তারিখ ও বার	সময়	মন্তব্য
নৌ-পুলিশ ফাঁড়ি, মোহনপুর, মতলব উত্তর, চাঁদপুর	০২/০৯/২০২৪ খ্রি. সোমবার	সকাল ১০:০০ ঘটিকা।	

নিলামের শর্তাবলী :

- আবেদনকারীকে আবেদনের সাথে ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
- নিলাম ডাকে যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/ব্যবসায়ীগণ অংশ গ্রহণ করতে পারবেন।
- নিলাম ডাককারীকে নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জন্মকৃত নৌযান/আইটেম নিজ দায়িত্বে সরেজমিনে দেখে নিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- নিলাম ডাকে অংশগ্রহণকারীকে প্রাক্কলিত মূল্যের ১০% অর্থ পে-অর্ডারমূলে জেলা প্রশাসক, চাঁদপুর এর অনুকূলে জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- নিলাম ডাকমূল্য প্রাক্কলিত মূল্যের সহিত গ্রহণযোগ্য হলে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে জন্মকৃত নৌযান/আইটেম বিক্রি করা হবে।
- যার ডাক নিলাম কমিটি কর্তৃক গৃহীত হবে, তাকে পত্রমূলে অবহিত করার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিলামে ডাকের অবশিষ্ট ৯০% অর্থ পে-অর্ডারমূলে জেলা প্রশাসক, চাঁদপুর এর অনুকূলে জমা প্রদান করতে হবে।
- যার ডাক নিলাম কমিটি কর্তৃক গৃহীত হবে, তাকে নিলাম ডাকের ১০০% অর্থ ব্যতীত নিলাম ডাক মূল্যের উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% উৎস আয়কর ট্রেজারী চালানে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের মূল কপি নিলাম কমিটির আহ্বায়কের নিকট উক্ত ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করতে হবে।
- সমুদয় অর্থ (নিলাম মূল্য এবং ভ্যাট ও আয়কর) জমাপ্রদানের পর কার্যাদেশ প্রদান করা হবে।

(পাতা-০২)

৯. যাকে কার্যাদেশ প্রদান করা হবে, অর্থাৎ যার অনুকূলে জব্দকৃত নৌযান/আইটেম বিক্রি করা হবে, তাকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে নৌযান/আইটেম বুঝে নিতে/ নিজ হেফাজতে নিতে হবে। অন্যথায় নৌযান/আইটেমের কোন ক্ষতিসাধন হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
১০. নিলাম ডাকের অর্থ (ভ্যাট ও আয়করসহ) নির্ধারিত সময়ে জমা দিতে ব্যর্থ হলে জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।
১১. নিলাম প্রদান এবং নিলাম বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষ তথা নিলাম কমিটির গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এতদ্বিষয়ে নিলামে অংশগ্রহণকারী কোন ব্যক্তি কর্তৃক কোন মামলা/মোকদ্দমা দায়ের করা যাবে না। তথাপিও কোন মামলা দায়ের করা হলে উক্ত মোকদ্দমা সর্ব আদালতে অগ্রাহ্য বলে গণ্য হবে।



১৮/০৮/২০২৪

(মোঃ আসাদুজ্জামান সরকার)

সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট

ও

আহবায়ক

জব্দকৃত মালামাল নিলামে বিক্রয় সংক্রান্ত কমিটি

চাঁদপুর

স্মারক নং : ০৫.৪২.১৩০০.০১৫.১৮.০০২.২৪-১১২১(১৭)

তারিখ: ১৮ /০৮/২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, মতিঝিল, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। পুলিশ সুপার, চাঁদপুর।
- ০৫। পুলিশ সুপার, নৌ পুলিশ, চাঁদপুর অঞ্চল, চাঁদপুর।
- ০৬। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, আঞ্চলিক নৌযান সার্ভে ও রেজিস্ট্রেশন/পরিদর্শন অফিস, নৌপরিবহন অধিদপ্তর, চাঁদপুর
- ০৭। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক), চাঁদপুর।
- ০৮। স্টেশন কমান্ডার, কোস্ট গার্ড, চাঁদপুর।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর।
- ১০। সহকারী কমিশনার (ভূমি), মতলব উত্তর, চাঁদপুর।
- ১১। জনাব-----বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।
- ১২। ইনচার্জ, মোহনপুর নৌ-পুলিশ ফাঁড়ি, মতলব উত্তর, চাঁদপুর।
- ১৩। সহকারী কমিশনার (গোপনীয় শাখা)। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৪। অফিস কপি।



১৮/০৮/২০২৪

আহবায়ক

জব্দকৃত মালামাল নিলামে বিক্রয় সংক্রান্ত কমিটি

চাঁদপুর